

## **অস্ট্রেলিয়াতে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের সদস্যপদ কার্যক্রম উদ্বোধন**

প্রবাসী বাংলাদেশিদের ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের সদস্যপদ বিষয়ে গত ১৩ আগস্ট ২০১৭ তারিখে অস্ট্রেলিয়াস্থ বাংলাদেশ হাইকমিশন-এর উদ্যোগে সিডনির স্থানীয় এক হোটেলে একটি মতবিনিময় সভার আয়োজন করা হয়। উক্ত মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের মন্ত্রী জনাব নুরুল ইসলাম বিএসসি। অনুষ্ঠানের শুরুতে ১৯৭৫ সালের ১৫ আগস্ট জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবারের সদস্যসহ নিহত সকল শহীদের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে দোয়া ও মোনাজাত করা হয় এবং তাঁদের স্মৃতির প্রতি শুদ্ধা জানিয়ে দাঁড়িয়ে এক মিনিট নিরবতা পালন করা হয়।

প্রধান অতিথির বক্তব্যে প্রবাসী কল্যাণ মন্ত্রী নুরুল ইসলাম বিএসসি সভায় উপস্থিত সকল প্রবাসীকে ধন্যবাদ জানিয়ে বলেন, প্রবাসীদের প্রেরিত Remittance দেশের অর্থনীতির চাকাকে সচল রাখছে এবং দেশের উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। বৈধ চ্যানেলে Remittance প্রেরণে প্রবাসীদের উৎসাহিত করার লক্ষ্যে সরকার সর্বোচ্চ Remittance প্রেরণকারীদের ‘সিআইপি’ (বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি) মর্যাদায় সম্মানিত করছে বলে তিনি উল্লেখ করেন।

প্রবাসী বাংলাদেশিদের সম্বন্ধে সঠিক ও পূর্ণাঙ্গ তথ্য না থাকার ফলে অনেক সময় তাঁদের সরকার কর্তৃক গৃহীত কল্যাণমূখ্যী সেবার আওতায় আনা সম্ভব হয় না। মন্ত্রী বলেন, সকল শ্রেণীর প্রবাসী বাংলাদেশিদের ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের সদস্যপদ প্রদান তথা প্রবাসীদের তথ্যাদি ডাটাবেইজ-এ অন্তর্ভুক্তির বিষয়ে তাঁর মন্ত্রণালয় সিদ্ধান্ত নিয়েছে। তিনি আরও বলেন, এ কার্যক্রমের ফলে প্রবাসী সেবার পরিধি সম্প্রসারিত করা সম্ভব হবে এবং প্রবাসীগণ সরকারের সকল কল্যাণমূখ্যী সেবা ও সুবিধাদি প্রাপ্য হবেন। এ সকল সুবিধাদির মধ্যে অন্যতম হচ্ছে প্রবাসীর সন্তানদের শিক্ষাবৃত্তি; দেশে মৃতদেহ প্রেরণে ও বিপদগ্রস্থ প্রবাসীদের দেশে প্রত্যাবর্তনে সহায়তা এবং প্রবাসী কল্যাণ ব্যাংকের মাধ্যমে সহজ শর্তে খাল গ্রহণসহ নানাবিধি কল্যাণমূলক সুযোগ-সুবিধাদি।

প্রবাসী কল্যাণ মন্ত্রী আরোও বলেন, প্রবাসীদের প্রয়োজন অনুযায়ী বিভিন্ন প্রকার ইন্সুরেন্স প্রদানের বিষয়ে সরকার কাজ করছে। এছাড়া ঢাকাস্থ গুলশানের ভাটারায় ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের নিজস্ব জমিতে হাসপাতাল, ডায়াগনস্টিক সেন্টার, শিক্ষা প্রতিষ্ঠানসহ কল্যাণমূলক নানা ধরণের প্রকল্প হাতে নেওয়া হচ্ছে, যেখানে প্রবাসীরা অগ্রাধিকার ভিত্তিতে প্রয়োজনীয় সেবা গ্রহণ করতে পারবেন।

মতবিনিময় সভায় অস্ট্রেলিয়ায় নিযুক্ত বাংলাদেশের হাইকমিশনার কাজী ইমতিয়াজ হোসেন স্বাগত বক্তব্য প্রদান করেন। তিনি বলেন, প্রবাসী বাংলাদেশিরা দেশের অর্থনৈতিক উন্নয়নে অংশগ্রহণের পাশাপাশি অস্ট্রেলিয়ায় বাংলাদেশের ভাবমূর্তি সম্ভূজল তথা দু'দেশের মধ্যকার বন্ধুত্বপূর্ণ দ্বি-পাক্ষিক সম্পর্ক উন্নয়ন ও সুসংহতকরণে বিশেষ ভূমিকা রাখছেন। ফলে প্রবাসী কর্মীদের জন্য গৃহীত সরকারের বিভিন্ন কল্যাণমূখ্যী কর্মসূচীর পরিধি সম্প্রসারিত করে সকল শ্রেণীর প্রবাসীদের এর আওতায় আনার সরকারি সিদ্ধান্তের কথা তিনি সভাকে অবহিত করেন। ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড এর সদস্যপদ গ্রহণের মাধ্যমে এ সকল সুবিধা লাভ করা সম্ভব হবে বলে তিনি উল্লেখ করেন এবং প্রবাসীদের সদস্যপদ গ্রহণের আহ্বান জানান।

মতবিনিময় সভায় প্রবাসী বাংলাদেশি, স্থানীয় গণমান্য ব্যক্তিবর্গসহ প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার প্রতিনিধি ও সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।



